

আপনার হজ বা ওমরাহের পরিকল্পনা করছেন?

ভ্রমণ সংক্রান্ত প্রতারণা কেলেক্সারি এডিয়ে চলুন!

হজ এবং ওমরাহ সৌদি আরবের মক্কায় অনুষ্ঠিত পবিত্র তীর্থযাত্রা যা করতে মুসলিম ভ্রমণকারীদের প্রায়ই হাজার হাজার ডলার খরচ হয়। শিকারী ভ্রমণ সংস্থা ও প্রতারকরা এই ব্যয়বহুল যাত্রার সুযোগ নিয়ে কম দামে এবং প্রিমিয়াম থাকার ব্যাবস্থা দেওয়ার দাবি করে। যদি কোনও ভ্রমণ প্যাকেজের দাম অবিশ্বাস্যভাবে কম বলে মনে হয়, এটি সম্ভবত একটি প্রতারণা। প্রতারণা এড়াতে আমাদের চেকলিস্ট পর্যালোচনা করুন:

✓ গবেষণা করুন এবং আগে থেকে বুক করুন

শুধুমাত্র বিজ্ঞাপন, ক্লায়ার বা সোশ্যাল মিডিয়া পোস্টের উপর ভিত্তি করে ট্রিপ বুক করবেন না।

ভ্রমণ সংস্থাসৌদি আরবের হজ এবং ওমরাহ মন্ত্রণালয় দ্বারা পরিষেবা প্রদানের জন্য অনুমোদিত কিনা সেটা যাচাই করুন। সৌদি আরবের নুসুক অনলাইন প্ল্যাটফর্ম আপনার হজ বা ওমরাহ ভ্রমণ পরিচালনার জন্য একমাত্র অফিসিয়াল বুকিং প্ল্যাটফর্ম।

অনুমোদিত পরিষেবা সরবরাহকারীদের দেখতে hajj.nusuk.sa বা umrah.nusuk.sa দেখুন, ভিসার জন্য নিবন্ধন করুন অথবা ভ্রমণ প্যাকেজগুলি বুক করুন।

গুরুত্বপূর্ণ: নুসুক কর্মকর্তা হিসাবে পরিচয় দেওয়া প্রতারকদের থেকে সাবধানে থাকুন। নুসুক আপনাকে কখনই ইমেল অথবা সোশ্যাল মিডিয়ার মাধ্যমে আপনার ভ্রমণের জন্য অর্থ প্রদান করতে বলবে না।

✓ ক্রেডিট কার্ড দিয়ে অর্থ প্রদান করুন

নগদ, ওয়্যার ট্রান্সফার, ক্রিপ্টোকারেন্সি, গিফট কার্ড অথবা পেমেন্ট অ্যাপ্লিকেশনগুলি দিয়ে অর্থ প্রদান করা এডিয়ে চলুন যেগুলো কেনাকাটার ক্ষেত্রে সুরক্ষা প্রদান করে না। ক্রেডিট কার্ড ব্যবহার করলে অতিরিক্ত অধিকার দিতে পারে যদি ভ্রমণ সংস্থা আপনার দেওয়া টাকা নিষেধপরিষেবাগুলি না দেয়।

✓ চুক্তি পর্যালোচনা করুন এবং প্রশ্ন জিজ্ঞাসা করুন

নিশ্চিত হয়ে নিন যাতে আপনার ভ্রমণ প্রতিনিধি আপনাকে ভ্রমণ সংস্থা যেসব পরিষেবাগুলি সরবরাহ করবে বলে বলেছে তার একটি চুক্তি বা অন্য কোনও ধরনের লিখিত নিশ্চয়তা দেয়। **আপনার ভ্রমণ নিশ্চিত করার জন্য Facebook বা WhatsApp মতো সোশ্যাল মিডিয়া মাধ্যমে মৌখিক নিশ্চিতকরণ অথবা পার্থ্য বার্তার উপর নির্ভর করবেন না।**

চুক্তিতে এমন কিছু থাকলে যা আপনি বুঝতে পারছেন না, সই করার আগে অবশ্যই প্রশ্ন করুন। পর্যালোচনা করার জন্য সময় নিন এবং যদি আপনি আপনাকে চুক্তিতে সই করতে বা অগ্রিম অর্থ জমা দিতে চাপ দেওয়া হয়, তাহলে সেখান থেকে চলে আসুন!

নিশ্চিত হয়ে নিন যে আপনার চুক্তিতে নিম্নলিখিতগুলি স্পষ্টভাবে তালিকাভুক্ত করা আছে:

- মোট মূল্য
- অর্থ দেওয়ার সময়সূচী
- কোনও অতিরিক্ত ফী
- ভিসার বিশদ বিবরণ
- হোটেলের নাম এবং আপনার থাকার তারিখ
- এয়ারলাইন্স রিজার্ভেশনের বিশদ বিবরণ
- পরিবহন
- বাতিলকরণ এবং অর্থ ফেরত নীতি

ভ্রমণ বুক করার পরও, হোটেল ও এয়ারলাইনের সঙ্গে সরাসরি যোগাযোগ করে আপনার হোটেল বুকিং এবং ফ্লাইটের বিষয়টি নিশ্চিত করুন।

✓ সমস্ত যোগাযোগের উপর নজর রাখুন

চুক্তি, রসিদ, ভ্রমণের নিশ্চিতকরণপত্র, ইনভয়েস, ইমেল, টেক্সট মেসেজ এবং বিজ্ঞাপন বা সোশ্যাল মিডিয়া পোস্টের স্ক্রিনশট সংরক্ষণ করে রাখুন। যে কোনও ফোন বা ব্যক্তিগত কথোপকথনের তারিখ এবং বিশদ বিবরণ লিখে রাখুন।

আইটেমভিত্তিক বিল চেয়ে নিন এবং নিশ্চিত হোন যেন কোনো লুকানো চার্জ না থাকে।

! একটি ভ্রমণ সংক্রান্ত প্রতারণা হওয়ার সম্ভাবনা আছে যদি সংস্থার:

- কোনো অফিসের ঠিকানা না থাকে
- কম দাম বা দ্রুত ভিসা প্রক্রিয়াকরণের সময় অফার করে
- থাকার জায়গার অস্পষ্ট বর্ণনা থাকে
- কোনও অর্থ ফেরতের নীতি না থাকে
- অগ্রিম নগদ অর্থ দেওয়ার অনুরোধ করে
- আপনাকে ওয়্যার ট্রান্সফার অথবা গিফট কার্ড দিয়ে অর্থ প্রদান করতে বলে
- বুকিংয়ের জন্য নুসুক প্ল্যাটফর্মের কোনও উল্লেখ না করে অথবা দাবি করে যে এটি নুসুককে এড়িয়ে যেতে পারে

আপনি যদি মিথ্যা বিজ্ঞাপন দ্বারা প্রতারণিত হন তাহলে আপনি নিউ ইয়র্ক সিটি-ভিত্তিক ভ্রমণ সংস্থার বিরুদ্ধে অভিযোগ দায়ের করতে পারেন, যদি আপনাকে প্রতিশ্রুত সেবা বা থাকার ব্যবস্থা না দেওয়া হয়, অপ্রত্যাশিত ফি নেওয়া হয়, অথবা আপনার সম্মতি ছাড়া চুক্তি বাতিল করা হয়। অভিযোগ দায়ের করুন: nyc.gov/consumers অথবা 311-এ।